# UNIFICATION OF ITALY

Presented by
Chandrani Roy
SACT
JHARGRAM RAJ COLLEGE

# INTRODUCTION

1815 খ্রীঃ ভিয়েনা ব্যবস্থা দ্বারা ইতালিতে বৈদেশিক শাসন স্থাপন করা হয়। ইতালিয় জাতীয়তাবাদকে উপেক্ষা করে পুরাতন তন্ত্রকে ফিরিয়ে আনা হয়। রাজনৈতিক ভাবে ইতালিকে বিভক্ত করে **একটি ভৌগোলিক সংজ্ঞায়**পরিণত করা হয়।

# UNIFICATION OF ITALY

**THE RISORGIMENTO:-**

ভিয়েনা সম্মেলনে ইতালির রাজনৈতিক ঐক্য ও জাতীয়তাবাদ কে ধ্বংস করার চেষ্টা হলেও ইতালির জাতীয়তাবাদ নব শক্তিতে জেগে ওঠে।

- **রিসঅর্গিমেন্টো** কথাটির অর্থ মুক্তি আন্দোলন।
- গুপ্ত সমিতির মাধ্যমে স্বৈরাচারী শাসকদের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলন সংগঠিত হয়।
- **কার্বোনারী** সম্প্রদায় নামে একটি গুপ্ত বিপ্লবী সমিতির মাধ্যমে ইতালিতে প্রথম মুক্তি আন্দোলনের সূচনা হয়। **কার্বোনারী** সম্প্রদায়কে ইতালিয় মুক্তি আন্দোলনের প্রথম **ঝড়ের পাখি** বলা হয়।

# UNIFICATION OF ITALY

- **কার্বোনারীরা** রাজনৈতিক দল হলেও তাদের কিছু আচরণ ছিল আংশিক ধর্মীয়। (যেমন তারা কার্বন বা জ্বলন্ত অঙ্গার বহন করত। কার্বন বহনকারী বলে তাদের নাম **কার্বোনারী**।)
- আদর্শবাদের দিক থেকে তারা মুষ্টিমেয়তান্ত্রিক ও সাংগঠনিকভাবে অনেকাংশে স্বৈরতন্ত্রী।
- এদের প্রধান কর্মকাণ্ড ছিল দক্ষিণ ইতালির **নেপলস**। **(Naples)**
- বুদ্ধিজীবীরা মূলত এই সমিতির সদস্য ছিলেন। সমাজের সকল স্তরে সার্বিকভাবে এদের প্রভাব পড়েনি।

# UNIFICATION OF ITALY

## কার্বোনারীদের তৎপরতা ও কর্মকান্ড:-

- 1820 খ্রীঃ কার্বোনারী সমিতির নেপলসের **বুরবোঁ** বংশের রাজা **চতুর্দশ ফার্দিনান্দের** বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে।তিনি প্রবল চাপের মুখে উদার তান্ত্রিক সংবিধানের আশ্বাস দেন এবং গোপনে ইউরোপীয় শক্তি সমবায়ের সাহায্য চান। তাদের সহায়তায় তিনি নেপেলসে পুনঃস্থাপিত হন।
- এরপর কার্বোনারীরা **পিডমন্টে** 1821 খ্রীঃ রাজা ভিক্টর ইম্যানুয়েলকে **উদারতান্ত্রিক সংবিধান** প্রণয়নে বাধ্য করে।কিন্তু নেপেলসের মতো এখানেও শক্তি সমবায়ের নির্দেশে অস্ট্রীয় বাহিনী বিদ্রোহ দমন করে স্থিতাবস্থা ফিরিয়ে আনে।

# UNIFICATION OF ITALY

- 1830 খ্রীঃ জুলাই বিপ্লবের কালপর্বে  ইতালির পোপ শাসিত অঞ্চলে কার্বোনারীদের নেতৃত্বে বিদ্রোহের আগুন জ্বলে ওঠে।কিন্তু পোপের আহ্বানে অস্ট্রীয় বাহিনী পোপের  রাজ্যে প্রবেশ করে বিদ্রোহ দমন করে।

**কার্বোনারীদের সীমাবদ্ধতা:-**

- কার্বোনারী আন্দোলন স্থানীয় আন্দোলনের ঊর্ধ্বে জাতীয়  আন্দোলন হতে পারেনি। তাদের এই বিক্ষিপ্ত আন্দোলন তাই সাফল্য লাভ করেনি।

# UNIFICATION OF ITALY

- কার্বোনারী গুপ্ত সমিতির গণসংযোগ না থাকায় তারা জনসাধারণ থেকে বিচ্ছিন্ন ছিল। কৃষক শ্রেণী বিদ্রোহ থেকে দূরে ছিল।
- অর্থাৎ জনসমর্থন না থাকায় কার্বোনারী আন্দোলন ইতালিতে সাড়া জাগাতে পারেনি এবং অস্ট্রিয়ার মত প্রবল শক্তির বিরুদ্ধে দাঁড়াতে পারেনি ।

**THE YOUNG ITALY MOVEMENT:-**

কার্বোনারী আন্দোলন পর্বে ইতালির যে চিত্রটি স্পষ্ট হয়ে ওঠে তা হলো স্বৈরাচারী ইতালিয় শাসকদের নিজস্ব কোনো ক্ষমতা নেই।

# UNIFICATION OF ITALY

ইতালির মুক্তি আন্দোলন সবচেয়ে বড় অন্তরায় অস্ট্রিয়া। সুতরাং জাতীয়তাবাদের স্ফুরণ ঘটিয়ে ইতালি থেকে অস্ট্রিয়ার বহিষ্কারের দ্বারা সফল মুক্তি আন্দোলন সম্ভব। এই জাতীয় জাগরণের পুরোধা ব্যক্তিত্ব ছিলেন **জোসেফ ম্যাৎসিনি**। প্রথম জীবনে তিনি কার্বোনারী সমিতির সদস্য ছিলেন। পরবর্তীকালে ফ্রান্সের **মার্সাই** (***Marseilles***)শহরে **ইয়ং ইতালি(*Geovine Italy*)** প্রতিষ্ঠা করেন।

- দলের সদস্যদের ইতালির মুক্তির জন্য আত্মোৎসর্গের  শপথ নিতে হত।
- এর সদস্য সংখ্যা অতি দ্রুত বৃদ্ধি পায়। যা ইয়ং ইতালি জনপ্রিয়তার সূচক।

# UNIFICATION OF ITALY

- **ইয়ং ইতালি** পত্রিকার মাধ্যমে ম্যাৎসিনি তাঁর ভাবধারা প্রচার করেন।
- 1848 খ্রীঃ জানুয়ারি মাসে দক্ষিণ ইতালির **সিসিলির প্যালেরমা** শহরে গণবিদ্রোহ দেখা দেয়।
- 1858 খ্রীঃ অস্ট্রিয়া অধিকৃত **লম্বার্ডির মিলান শহরে** অস্ট্রিয়ার বিরুদ্ধে জাতীয়তাবাদী গণঅভ্যুত্থান দেখা দেয়।
- এই পর্বে রাজতন্ত্রের অধীনে ইতালিকে অস্ট্রিয়া থেকে মুক্ত করার লক্ষ্যে **টাস্কানী, নেপলস** ও **পোপ** এগিয়ে আসেন। ইতিমধ্যে চার্লস এলবার্ট পুত্র ভিক্টর ইম্যানুয়েলের অনুকূলে পিডমন্টের সিংহাসন ত্যাগ করেন এবং অস্ট্রিয়ার সঙ্গে সন্ধি স্থাপন করেন।

# UNIFICATION OF ITALY

- ম্যাৎসিনীর অবদানে সেনাদল মধ্য ইতালিতে ঢুকে **পার্মা,টাস্কানি, মডেনার** বিদ্রোহ দমন করে স্থিতাবস্থা বহাল রাখে।

**ম্যাৎসিনির অবদান:-**

রাজতান্ত্রিক যুদ্ধের দ্বারা ইতালির মুক্তি প্রচেষ্টা ব্যর্থ হয়।ম্যাৎসিনি ঘোষণা করেন "*রাজাদের যুদ্ধ শেষ হয়েছে এবার প্রজাদের যুদ্ধ শুরু হবে*"।

- ম্যাৎসিনীর প্রভাবে মধ্য ইতালির প্রজাতান্ত্রিক দেশপ্রেমিকরা **হ্যাপসবার্গের** শাসকদের বিতাড়িত করে এবং পিডমন্টের সঙ্গে সংযুক্তি ঘোষণা করে।

# UNIFICATION OF ITALY

- তাঁরই ভাবশিষ্য **গ্যারিবল্ডি** দক্ষিণ ইতালি জয় করেন। পরে তা পিডমন্টের সঙ্গে সংযুক্ত হয়।
- তিনি **গণবিদ্রোহ** ও **গেরিলাযুদ্ধের** ওপর গুরুত্ব দেন।
- কোন বৈদেশিক শক্তির সাহায্য ছাড়াই ইতালিয় যুব সমাজের প্রতিনিধিদের নিয়ে প্রজাতন্ত্র স্থাপনের দ্বারা ইতালিয় **রিসঅর্গিমেন্টো** সম্পূর্ণ করায় তিনি আস্থাশীল ছিলেন।

**<u>ম্যাৎসিনির সীমাবদ্ধতা:-</u>**

- তিনি ছিলেন দেশপ্রেমিক কিন্তু বাস্তববাদী নন।

# UNIFICATION OF ITALY

- শিক্ষিত যুবসমাজ ছাড়া শ্রমজীবী বা কৃষক সম্প্রদায় তার আবেদনে সাড়া দেয়নি।

**UNIFICATION OF ITALY UNDER *CAVOUR*:-**

1831 খ্রীঃ বিপ্লবের ব্যর্থতার পর ইতালির ঐক্য নিয়ে ইতালিবাসী একমত হলেও লক্ষ্যে পৌঁছানোর পন্থা নিয়ে ঐক্যমত হতে পারেনি।1852খ্রীঃ পিডমন্টের রাজা ভিক্টর ইম্যানুয়েল এর প্রধানমন্ত্রী **কাউন্ট কাভ্যুর** ঘোষণা করেন যে একমাত্র পিডমন্ট রাজবংশের নেতৃত্বে ইতালির ঐক্য স্থাপনের প্রচেষ্টা বাস্তব ও যথাযথ পন্থা।ইতালির রাজতান্ত্রিক ঐক্যের সঙ্গে উদার তান্ত্রিক সংবিধান, সম্পত্তির ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত পার্লামেন্ট গঠনের কথা তিনি ঘোষণা করেন।

# UNIFICATION OF ITALY

- তিনি পিডমন্টে আধুনিক শিল্পায়ন, শাসন ও আইন সংস্কার, আইনের সাম্য প্রতিষ্ঠা করে পিডমন্টকে এক আদর্শ রাষ্ট্ররূপে ইতালিয়বাসীর কাছে গ্রহণীয় করে তুলতে চান।
- তিনি ছিলেন **নিয়মতান্ত্রিক রাজতন্ত্র** র সমর্থক ও ম্যাৎসিনীর প্রজাতন্ত্রবাদের সমালোচক।
- ইতালির অন্যান্য রাজবংশ গুলি ছিল বহিরাগত। সুতরাং একমাত্র পিডমন্টই ইতালিকে নেতৃত্ব দিতে সক্ষম বলে তিনি বিশ্বাস করতেন।
- বৈদেশিক শক্তির সাহায্য ছাড়া ইতালির একক প্রচেষ্টায় অস্ট্রিয়াকে বিতাড়িত করে ঐক্যবদ্ধ ইতালি গড়ে তোলা সম্ভব নয় একথা তিনি

# UNIFICATION OF ITALY

পূর্ববর্তী কার্বোনারী ও ইয়ং ইতালির ব্যর্থতা থেকে উপলব্ধি করেছিলেন।

- তিনি  আশঙ্কা করেন যে  ম্যাৎসিনীর প্রজাতান্ত্রিক আন্দোলন জোরদার হলে ইতালির রাজতান্ত্রিক ঐক্য ব্যাহত হবে ও ইতালির মুক্তির আন্দোলন অনেকটা পিছিয়ে যাবে।
- ইতালীর সমস্যার প্রতি ইউরোপীয় জনমতকে আকৃষ্ট করার কথা তিনি উপলব্ধি করেন।
- অতঃপর তিনি ইংল্যান্ড ও ফ্রান্সের সাহায্য নিয়ে ইতালিকে বৈদেশিক শাসনমুক্ত করতে প্রয়াসী হন।

# UNIFICATION OF ITALY

- ক্রিমিয়ার যুদ্ধে(1854খ্রীঃ) পিডমন্ট বাহিনীকে ইংল্যান্ড ও ফ্রান্সের পক্ষে নিয়োজিত করেন।
- 1855খ্রীঃ প্যারিস বৈঠকে ক্যাভুর ইতালির সমস্যাকে( **Italian Question** ) ইউরোপের কাছে তুলে ধরতে পেরেছিলেন।
- এরপর ক্যাভুর ফরাসি সম্রাট তৃতীয় নেপোলিয়নের সাহায্য লাভের চেষ্টা করেন।1858 খ্রীঃ  উভয়ে গোপনে **প্লমবিয়ার্সের চুক্তি (Pact of Plombiers)** স্বাক্ষর করেন চুক্তির দ্বারা তৃতীয় নেপোলিয়ন  অস্ট্রিয়ার বিরুদ্ধে পিডমন্টকে সামরিক সাহায্য দিতে অঙ্গীকার

# UNIFICATION OF ITALY

করেন। স্থির হয় যে-

i)উত্তর ইতালির লম্বার্ডি ও ভেনেসিয়া এবং পোপের রাজ্যের কিছু অংশ পিডমন্টের সঙ্গে যুক্ত হবে।

ii) রোমে ও পার্শ্ববর্তী অঞ্চল পোপের অধীনে থাকবে।

iii)টাস্কানি ও পোপের রাজ্যের অবশিষ্ট অংশ নিয়ে মধ্য ইতালিয় রাজ্য গঠন করার পরিকল্পনা হয়।

iv) নেপলস ও সিসিলিতে বুরবোঁ বংশীয় রাজার অধিকার বহাল রাখার কথা বলা হয়।

# UNIFICATION OF ITALY

v) পরিবর্তে স্যাভয় ও নিস প্রদেশ তৃতীয় নেপোলিয়ন কে দেওয়া হবে বলা হয়।

vi) ভিক্টর ইমানুয়েলের কন্যার সঙ্গে তৃতীয় নেপোলিয়নের ভ্রাতার বৈবাহিক সম্পর্ক স্থাপনের কথা স্থির হয়।

- এরপর অস্ট্রিয়ার সঙ্গে যুদ্ধের বৈধ কারণ সৃষ্টির জন্য ক্যাভুর অস্ট্রিয়ার অধিকৃত লম্বার্ডি ও ভেনেসিয়া প্রদেশে গোলযোগ সৃষ্টি করেন।
- ক্ষিপ্ত অস্ট্রিয়া পিডমন্টের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে।

# UNIFICATION OF ITALY

- পূর্বপরিকল্পনা অনুযায়ী ফরাসি বাহিনী অস্ট্রিয়ার বিরুদ্ধে যোগ দেয় এবং লম্বার্ডি অধিকার করে। অস্ট্রিয়া বাহিনী পিছু হটে ভিনিসিয়া প্রদেশের আশ্রয় নেয়।

**ভিল্লাফ্রাঙ্কার সন্ধি:-**

ইতালির ঐক্য আন্দোলন যখন ঊর্ধ্বমুখী তখন তৃতীয় নেপোলিয়ন অকস্মাৎ অস্ট্রিয়ার সঙ্গে **ভিল্লাফ্রাঙ্কার সন্ধি (Treaty of Villafranca)** স্বাক্ষর করেন ও যুদ্ধ ত্যাগ করেন।

- ভিল্লাফ্রাঙ্কার সন্ধি দ্বারা লম্বার্ডি প্রদেশ পিডমন্টের সঙ্গে যুক্ত হয়।

# UNIFICATION OF ITALY

- ভেনেসিয়া অস্ট্রিয়ার অধীনে থাকে।
- অবশিষ্ট ইতালিতে স্থিতাবস্থা বহাল থাকে। এইভাবে ইতালির মুক্তিযুদ্ধের প্রথম পর্যায়ের অবসান ঘটে। হতাশ ক্যাভুর পদত্যাগ করেন।
- মধ্য ইতালির  টস্কানি, পার্মা, মোডেনা প্রভৃতি অঞ্চলে  ম্যাৎসিনীর পন্থীদের প্রভাবে গণঅভ্যুত্থান ঘটে। এই অঞ্চলের অধিবাসীরা পিডমন্টের সঙ্গে সংযুক্তির পক্ষে মত প্রকাশ করে।
- ইতিমধ্যে 1860খ্রীঃ ক্যাভুর দ্বিতীয় দফায় দায়িত্বভার গ্রহণ করেন ও তৃতীয় নেপোলিয়ন কে  স্যাভয় ও নিস পিডমন্টের  পক্ষে ছেড়ে দিতে বলেন।

# UNIFICATION OF ITALY

তৃতীয় নেপোলিয়ন উক্ত অঞ্চলে গণভোটের দাবি জানান।গণভোট পিডমন্টের সংযুক্তির অনুকূলে যাওয়ায় মধ্য ইতালিয় রাজ্যগুলি পিডমন্টের সঙ্গে সংযুক্ত হয়।

এইভাবে ইতালির ঐক্যের দ্বিতীয় পর্যায়ের সমাপ্ত হয়।

**ইতালির অবশিষ্টাংশের সংযুক্তিকরণ:-**

- ইতালি একীকরণ সম্পূর্ণ করতে সিসিলি ও নেপলস অঞ্চল দুটিকে (দক্ষিণ ইতালি) পিডমন্টের সঙ্গে সংযুক্তিকরণ প্রয়োজন ছিল। এখানে বুরবোঁ বংশীয় দ্বিতীয় ফ্রান্সিসের প্রতিক্রিয়াশীল

# UNIFICATION OF ITALY

শাসন জারি ছিল

- ইতালির জাতীয়তাবাদী নেতা গ্যারিবল্ডি দক্ষিণ ইতালির কৃষকদের নিয়ে দ্বিতীয় ফ্রান্সিসের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন।
- তাঁর কৃষক বাহিনী লাল পোশাক পরিহিত হওয়ায় **লালকোর্তা বাহিনী** নামে পরিচিত ছিল। তারা গেরিলা স্বেচ্ছাসেবক বাহিনী ছিল।
- সিসিলি অভিযানে তিনি ইংল্যান্ডের সাহায্য পান এবং সিসিলি দ্বীপকে বুঁরবো শাসনমুক্ত করেন।

# UNIFICATION OF ITALY

- ক্রমে  তিনি নেপেলস নগরী অধিকার করেন এবং রোমের অভিমুখে অগ্রসর হয়ে সমগ্র দক্ষিণ ইতালির ঐক্যবদ্ধ করার কথা চিন্তা করেন।
- ম্যাৎসিনি পন্থী গ্যারিবল্ডির উত্থান ও ক্ষমতা বিস্তারে ক্যাভুর শঙ্কিত হয়ে পড়েন। তিনি আশঙ্কা করেছিলেন এর ফলে ইতালিতে রাজতন্ত্রী ও প্রজাতন্ত্রীদের গৃহযুদ্ধের সম্ভাবনা দেখা দেবে।
- গ্যারিবল্ডির গতিরোধ করার জন্য ভিক্টর ইম্যানুয়েল ক্যাভুরের পরামর্শে নেপেলসে উপস্থিত হন।

# UNIFICATION OF ITALY

- তাছাড়া গ্যারিবল্ডি রোম আক্রমণ করলে সমস্ত ক্যাথলিক জগতে আলোড়ন সৃষ্টি হওয়ার সম্ভাবনা ছিল।
- এমতাবস্থায় ক্যাভুর তৃতীয় নেপোলিয়নের সঙ্গে গ্যারিবল্ডির সম্ভাব্য পোপ অধিকৃত রোম আক্রমণের বিষয়ে পরামর্শ করেন।
- 1860 খ্রীঃ দেশপ্রেমিক গ্যারিবল্ডি স্বার্থ ত্যাগ করে নেপেলস ও সিসিলি ভিক্টর ইম্যানুয়েলকে সমর্পণ করেন।
- এ দুটি প্রদেশ পিডমন্টের সঙ্গে সংযুক্ত হয়।
- অস্ট্রিয়ার অধীনস্থ ভেনেসিয়া 1866 খ্রীঃ অস্ট্রো-প্রাশিয়া যুদ্ধের শেষে তৃতীয় নেপোলিয়নের প্রভাবে ইতালির সঙ্গে সংযুক্ত হয়।

# UNIFICATION OF ITALY

- রোম ছিল ফরাসি সেনার নিয়ন্ত্রণে।1870 খ্রীঃ  ফ্রাঙ্কো-প্রাশিয়া যুদ্ধের সময় ফরাসি সেনা অপসারিত হয় ও ভিক্টর ইমানুয়েল রোম অধিকার করে রোমকে দক্ষিণ ইতালির রাজধানী ঘোষণা করেন।


এইভাবে প্রায় অর্ধ শতকের প্রয়াসে সম্পূর্ণ হয় ইতালি একীকরণ। স্যাভয় ও নিস ফ্রান্সের অধিকারে রয়ে যায়। ইউরোপের  মানচিত্রে **নবীন ইতালি** স্থান লাভ করে। ইতালির ঐক্য সম্পূর্ণ হয়েছিল ম্যাৎসিনীর জাতীয়তাবাদী ও প্রজাতান্ত্রিক আদর্শ, ক্যাভুরের  ম্যাকিয়াভেলীয় কূটনীতি ও বৈদেশিক শক্তির সাহায্যে লাভ সর্বোপরি গ্যারিবল্ডি দেশপ্রেম ও আত্মত্যাগের দ্বারা। কোন

# UNIFICATION OF ITALY

একক প্রচেষ্টাতে অস্ট্রিয়ার মতো বৃহৎ শক্তির বিরুদ্ধে সাফল্যলাভ আদৌ সম্ভব ছিল না। বিদেশি শক্তির ভূমিকাও ছিল উল্লেখনীয়।



# MAP


ইতালীর ঐক্যসাধন
১৮৫৯ — ১৮৭০
অস্ট্রিয়া
হাঙ্গেরী
সুইজারল্যাণ্ড
লম্বার্ডি
মিলান
ভিনিসিয়া
ভেনিস
পার্মা
জেনোয়া
নিস
ট্যাস্কানী
রোম
সার্ডিনিয়া রাজ্য ১৮৫৯
১৮৫৯ ১৮৬০ সালে অধিকৃত অঞ্চল
অস্ট্রিয়ার নিকট হইতে অধিকৃত অঞ্চল
১৮৭০ সালে অধিকৃত অঞ্চল